শহীদ জিয়ার আদর্শে রাজনীতি করার আহ্বান ডেপুটি স্পিকারের



ডেপুটি স্পিকার কায়সার কামাল। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ও নেত্রকোনা-১ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার কায়সার কামাল বলেছেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ ও নেতৃত্বগুণ থেকে শিক্ষা নিয়ে রাজনীতিতে এগিয়ে আসতে হবে। তিনি বলেন, সততা, দেশপ্রেম ও সাহসিকতার মাধ্যমে জিয়াউর রহমান আধুনিক বাংলাদেশের ভিত্তি নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।

শনিবার (৩০ মে) দুপুরে নেত্রকোনার দুর্গাপুরে উপজেলা বিএনপির আয়োজনে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ব্যারিস্টার কায়সার কামাল বলেন, সংকটময় সময়ে জীবনবাজি রেখে জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষণা দেন এবং মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশ নেন। পরে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব নিয়ে দেশে বহুদলীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় কাজ করেন। পাশাপাশি গার্মেন্টস শিল্পের বিকাশ ও কৃষি খাতে উন্নয়নের পেছনেও তার দূরদর্শী নেতৃত্বের অবদান রয়েছে বলে উল্লেখ করেন তিনি।

তিনি আরও বলেন, রাষ্ট্রক্ষমতায় থেকেও জিয়াউর রহমান সাধারণ জীবনযাপন ও সততার যে দৃষ্টান্ত স্থাপন করেছেন, তা আজও অনুসরণীয়। নেতাকর্মীদের উদ্দেশে তিনি আবেগনির্ভর রাজনীতি থেকে সরে এসে জনগণের কল্যাণে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।